

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর  
www.doict.bochaganj.dinajpur.gov.bd  
(https://www.doict.bochaganj.dinajpur.gov.  
bd)

বোচাগঞ্জ উপজেলার আইসিটি কমিটির অক্টোবর/ ২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ ডালিম সরকার উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৪ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১১ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

অধ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব সাইফুল হুদা সকলকে স্বাগত জানান এবং তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান। অতঃপর উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম, উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ডি- সেট সেন্টার	স্মার্ট সার্ভিস পয়েন্ট, আইসিটি বিষয়ক সেবা, উন্নত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে ডি- সেট সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে ব্যক্ত করা হয়। উপজেলা ইঞ্জিনিয়ার জানান- অত্র উপজেলার ডি-সেট সেন্টারের ছাদ ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। কাজ দ্রুত গতিতে সম্পন্ন হচ্ছে মর্মেও সকলকে অবহিত করেন।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ইঞ্জিনিয়ার
০২	ওয়েব পোর্টাল	সেবা সহজীকরণ, তথ্যের প্রবাহ নিশ্চিতকরণ, ঘরে বসে তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ, সময়, খরচ, ও ভিজিট কমাতে ওয়েব পোর্টালে তথ্যের হালনাগাদ করা জরুরি মর্মে উপজেলা আইসিটি অফিসার সকলকে অবগত করেন। আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়- ১) সেবার তালিকা প্রকাশ, সেবা সহজীকরণের জন্য সকল দপ্তরের সিটিজেন চার্টার দ্রুত সময়ে হালনাগাদ করতে হবে। ২) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালনাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হতে হবে।	উপজেলা আইসিটি অফিসার ও সংশ্লিষ্ট দপ্তর
০৩	ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)" শীর্ষক প্রকল্পের End User Connectivity এর ৩৬ টি প্যাকেজের আওতায় দেশের ১,০৯,১৪৪ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বিভিন্ন প্রদানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহ, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠান সমূহ (কমিউনিটি ক্লিনিক) এবং সমাজসেবা অধিদপ্তর, ভূমি সংস্কার বোর্ড, বস্ত্র অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয় এবং বাংলাদেশ ডায়ালগিক সমিতিসহ উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে ব্রডব্যান্ড সংযোগ প্রদান করা হবে মর্মে উপজেলা আইসিটি অফিসার সকলকে অবগত করেন। আলোচনায় সকলের সহযোগিতা কামনা করা হয়।	উপস্থিত সকল

০৪	ইনোভেশন	সেবায় নাগরিক ভোগান্তি লাঘব, সেবা প্রদানের বর্তমান ব্যবস্থার উন্নয়ন বা সেবা প্রদানের নতুন মাধ্যম প্রবর্তন, নাগরিকের সঙ্গে যোগাযোগ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ার উন্নয়ন, সরকারি-বেসরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের অংশগ্রহণ – ইত্যাদি নিশ্চিত করার লক্ষ্যে ইনোভেশনের উপর গুরুত্ব আরোপ করা হয়। উপস্থিত সকলকে নিত্য-নতুন আইডিয়া/পরিকল্পনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।	উপস্থিত সকল
----	---------	--	-------------

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ডালিম সরকার  
উপজেলা নির্বাহী অফিসার

নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০৬.০০১.২৩.১১

তারিখ: \_\_\_\_\_

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর;
- ৩। সহকারী প্রোগ্রামার(সকল) দিনাজপুর এবং
- ৪। কম্পিউটার অপারেটর, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।

২৭-১০-২০২৪  
মোঃ তৌহিদুল ইসলাম  
সহকারী প্রোগ্রামার